

## প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ০৯ই মে ২০১৭

### গ্রীসে প্রথম বারের মত প্রবাসীদের জন্য “স্বাস্থ্য বিষয়ক কর্মশালা”

গ্রীসের বাংলাদেশ দূতাবাসে প্রথমবারের মত অনুষ্ঠিত হলো প্রবাসী বাংলাদেশীদের জন্য স্বাস্থ্য বিষয়ক কর্মশালা। গতকাল ৮ মে ২০১৭, সোমবার বিকেলে দূতাবাস চত্বরে কর্মশালাটির উদ্বোধন করেন গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন। গ্রীসে বসবাসকারী বিভিন্ন বয়সের নারী-পুরুষ ও শিশু এই কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালার শুরুতে সূচনা বক্তব্য রাখেন দূতাবাসের কাউন্সেলর (শ্রম) ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী। এরপর বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন আনুষ্ঠানিক ভাবে কর্মশালার উদ্বোধন ঘোষণা করেন। রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে বলেন, প্রবাসীরা বাংলাদেশের অর্থনীতির চালিকা শক্তি। অর্থনীতির চাকা সচল রাখতে তাদের সুস্থ্য থাকা প্রয়োজন। প্রবাসে পরিবার পরিজন ছাড়া অবস্থান ও দীর্ঘসময় কঠোর পরিশ্রমসহ নানাবিধ মানসিক চাপের মধ্যে সময় কাটাতে হয় প্রবাসীদের। ফলে, অনেক সময়ই তাঁরা নিজেদের শারীরিক সমস্যাকে গুরুত্ব সহকারে বিবেচনা করার সুযোগ পান না। সম্প্রতি লক্ষ্য করা গেছে যে ৪০-৫০ বছর বয়সের মধ্যে হৃদরোগে আক্রান্ত হয়ে হঠাৎ মারা যাওয়ার হার বৃদ্ধি পেয়েছে। যার জন্য প্রবাসীদেরকে সচেতন করা ও তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য করণীয়সমূহ প্রাপ্ত চিকিৎসা সেবা গ্রহণের স্থানসহ স্বাস্থ্য সেবা সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদানের জন্য প্রথম বারের মত কর্মশালার আয়োজন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, দূতাবাস হতে প্রবাসীদের অসুস্থতাকালীন হাসপাতালে ভর্তিসহ ডাক্তারদের সঙ্গে সরাসরি যোগাযোগের মাধ্যমে তাঁদের স্বাস্থ্যগত অবস্থার প্রতিনিয়ত ফলো-আপ করা হচ্ছে। যে কোন সমস্যা সমাধানের লক্ষ্যে তিনি দূতাবাসে যোগাযোগ করার জন্য আহ্বান জানান। ভাষাগত সুবিধার কথা বিবেচনা করে বাংলাদেশের স্বনামধন্য পাঁচজন বিভিন্ন রোগের বিশেষজ্ঞ ডাক্তার ও গ্রীস সম্পর্কে তথ্য ও পরামর্শ পাওয়ার জন্য একজন গ্রীক ডাক্তারকে কর্মশালায় আমন্ত্রণ জানানো হয়।

কর্মশালায় গ্রীস ও বাংলাদেশের মোট ছয় জন ডাক্তার অংশগ্রহণ করেন। তাঁরা হলেন গ্রীক ড. আন্দ্রলা পাতলী, ড. এবিএম মোকসেদুল আলম, প্রফেসর এন্ড প্রিন্সিপাল, শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল এন্ড হসপিটাল এবং একই হাসপাতালের ড. শহিদুজ্জামান, প্রফেসর অফ মেডিসিন; ড. উদয় সরকার রায়, এসোসিয়েট প্রফেসর, কার্ডিওলোজি; ড. রফিকুল ইসলাম, প্রফেসর, জেনারেল ফিজিশিয়ান ও ড. আব্দুল মতিন, প্রফেসর, পেডিয়াট্রিক ডিপার্টমেন্ট। তাঁরা প্রবাসীদের নানা ধরনের রোগ, করণীয় ও সতর্কতা বিষয়ে সার্বিক আলোচনা করেন। এরপর দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথের সঞ্চালনায় স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশ্ন-উত্তর পর্ব শুরু হয়। কর্মশালায় উপস্থিত সকল শ্রেণী পেশার প্রবাসীগণ এই প্রশ্ন-উত্তর পর্বে অংশগ্রহণ করেন। দীর্ঘ সময়ব্যাপী এই কর্মশালায় চিকিৎসকগণ অত্যন্ত আন্তরিক ভাবে সমস্ত প্রশ্নের জবাব ও প্রয়োজনীয় প্রেক্ষিপশন প্রদান করেন।

প্রবাসীদের কল্যাণের কথা বিবেচনা করে স্বাস্থ্য বিষয়ক এই ধরনের কর্মশালা ভবিষ্যতে আয়োজনের পরিকল্পনা রয়েছে বলে কর্মশালায় জানানো হয়।



*(Signature)*

09.05.2017